**2 0 1 7**

BENGALI

( Elective )

Paper : 5.2

**( Upanyas, Galpa Ebong Natak )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**ক—বিভাগ, খ—বিভাগ** এবং **গ—বিভাগ**-এর যে কোনো **একটি** বিভাগ থেকে প্রশ্নের উত্তর দাও।

## ক—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) গৃহত্যাগ করে নিতাই কার বাড়িতে চাকরি নিয়েছিল?

(খ) বিপ্রপদ নিতাইকে কী বলে সম্বোধন করতেন?

(গ) নিতাইদের গ্রামের প্রাচীন নাম কী ছিল?

(ঘ) কবি হিসেবে পরিচিতি লাভের পূর্বে নিতাইয়ের জীবিকা কী ছিল?

(ঙ) "ধ্যেৎ! ব্রাহ্মন! সাতশো ব্রাহ্মন একঠো বকপাখীকে ঠ্যাং ভাঙনে নেহি শকতা হ্যায়! ব্রাহ্মন"—কার উক্তি?

(চ) রমেশের বাবার নাম কী?

(ছ) কে ঘোষালদের কুঁয়াপুরের সম্পত্তি দান করেছিলেন?

(জ) রমেশ কোন্ কলেজে পড়াশুনা করেছিল?

(ঝ) ''সমাজ যাই হোক, তাকে মান্য করতেই হয়।'' কার উক্তি?

(ঞ) রমেশদের গ্রামের একমাত্র মুদির দোকানের মালিকের নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ''জেলেপাড়ার পথে নিতাইয়ের মনে গান জাগিয়া উঠিল। নূতন গান মনে মনে ভাবিয়া সে ওই মেয়েটার একটা তুলনা পাইয়াছে।'' এখানে কোন্ মেয়ের কথা বলা হয়েছে? 'তুলনা'টি কী?

(খ) ''নিতাই এখন ভদ্রভাষায় কথা বলিতে চেষ্টা করে।'' নিতাইয়ের এই 'ভদ্রভাষা'র যে কোনো দুটি উদাহরণ দাও।

(গ) ''বুদ্ধিতে একটা পাকা জমিদারও তোর কাছে হটে যায়, একথা আমরা সবাই বলাবলি করি।'' একথা কে, কাকে বলেছিল?

(ঘ) ''ও ডালে ডালে বেড়ায় ত আমি পাতায় পাতায় ফিরি যে।'' বক্তা কে? কার সম্বন্ধে একথা বলা হয়েছে?

(ঙ) ''ভিতরে রন্ধনশালার কপাটের এক পাশে একটি পঁচিশ-ছাব্বিশ বছরের বিধবা মেয়ে জড়সড় হইয়া পিছন ফিরিয়া দাঁড়াইয়া আছে এবং আর একটি প্রৌঢ়া রমণী তাহাকে আগলাইয়া দাঁড়াইয়া ক্রোধে চোখ-মুখ রক্তবর্ণ করিয়া চীৎকারে অগ্নিস্ফুলিঙ্গ বাহির করিতেছে।'' এই প্রৌঢ়া ও বিধবার পরিচয় ব্যক্ত করো।





৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) নিতাইয়ের মনে ''কালো যদি মন্দ তবে কেশ পাকিলে কাঁদ কেনে'' এবং ''কালো কেশে রাঙা কুসুম হেরেছ কি নয়নে''—পংক্তিদ্বয় জেগে ওঠার পশ্চাদ্‌পটটি ব্যক্ত করো।

(খ) ''ভগবান মানুষের মন লইয়া কি মজার খেলাই না খেলেন। এক ঘটে, মানুষ তাঁহার ছলনায় অন্য দেখে। ঠাকুরঝি বসন্তকে দেখিয়া চলিয়া গেল, বসন্ত ঠাকুরঝিকে দেখিয়া চলিয়া গেল।'' ঘটনাটি বিবৃত করো।

(গ) ''কবিয়ালিও ঠিক তোর পথ নয়। বুঝলি! কিন্তু তু ছাড়িস না। ভগবান তোকে মূলধন দিয়েছেন। খোয়াস না। বুঝলি!'' কে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছিল তা আলোচনা করো।

(ঘ) সৈরুবি জেলেনি বাঁড়ুয্যে মশাইয়ের হাত ধরে ফেলেছিল কেন? ঘটনাটি ব্যক্ত করো।

(ঙ) 'গড়' পুষ্করিণীর মাছ ধরার প্রসঙ্গটিতে রমেশের কী ধরনের চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

(চ) ''আর সব পারি, সদরে গিয়ে গায়ের চোঠ দেখাতে পারি না। .... মোরা নালিশ করতি পারব না।'' প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই উক্তির কারণ বর্ণনা করো।

৪। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

**ক—গুচ্ছ**

(ক) 'কবি' উপন্যাসে ছোটো রেলওয়ে স্টেশনটির গুরুত্ব নির্ণয় করো।

(খ) দুর্দান্ত ডোমবংশের সন্তান নিতাইয়ের 'কবি' হয়ে ওঠার নেপথ্য-কাহিনি বর্ণনা করো।

(গ) 'কবি' উপন্যাস অবলম্বনে একটি কবিগানের আসরের বর্ণনা দাও।

(ঘ) 'কবি' উপন্যাসকে 'আঞ্চলিক উপন্যাস' বলা যায় কি? এ-সম্বন্ধে তোমার অভিমত ব্যক্ত করো।

**খ—গুচ্ছ**

(ঙ) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(চ) 'পল্লীসমাজ' উপন্যাসে প্রতিফলিত সমাজচিত্র আলোচনা করো।

(ছ) 'পল্লীসমাজ' উপন্যাসের গোবিন্দ গাঙ্গুলী চরিত্রটি আলোচনা করো।

(জ) " 'পল্লীসমাজ' উপন্যাসের ভেতরে একটা করুণ রসের ধারা বইলেও টাইপ চরিত্রগুলির মধ্য দিয়ে শরৎচন্দ্র হাস্যরসের ধারাও উন্মুক্ত করে দিয়েছেন।" উপযুক্ত দৃষ্টান্তযোগে বক্তব্যটির সার্থকতা বিচার করো।





**খ—বিভাগ**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) সাবিত্রীবালার জীবিকা কী ছিল?

(খ) "মস্ত লোক। জমি আছে পাঁচ কানি। কাচারি আছে দরজায়। দায়েরী মোকদ্দমা আছে ক নম্বর।" কার সম্বন্ধে একথা বলা হয়েছে?

(গ) 'সীমারেখার সীমা' গল্পের ছবির স্বামীর নাম কী?

(ঘ) 'গাছ' গল্পের লেখকের নাম কী?

(ঙ) 'আগুাহল্ট'-এর ফৌজি সাংকেতিক নাম কী ছিল?

(চ) বিমল তার পুরানো ফোর্ড গাড়িটাকে কোন্ আদুরে নামে ডাকত?

(ছ) অঞ্জনগড়ের মাইনিং সিণ্ডিকেটের চেয়ারম্যান কে ছিল?

(জ) সঞ্জয়দের বাড়ি কোথায় ছিল?

(ঝ) ধনিয়া ঘটিবাটি বেচে টাউন পুলিশকে কত টাকা ঘুষ দিতে রাজি হয়েছিল?

(ঞ) স্টিফান হোরো পরবর্তীকালে কী নামে পরিচিত হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) মোহন পণ্ডিতের দুই ছেলে বন্ধুমহলে কী কী নামে পরিচিত ছিল?

(খ) ''গাছের চেহারা তখন শুধু কাঠের চেহারা হয়।'' কখন গাছের এ চেহারা হয়? কেন?

(গ) অঞ্জনগড়ের কৃষি সমাজের নেতা কে ছিল? সে বহুদিন পর কোথা থেকে দেশে ফিরে এসেছিল?

(ঘ) রতনলাল সুগার মিলের মালিকের দুটি চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঙ) স্টিফান হোরোদের স্কুলের হেডমাস্টার কে ছিলেন? তাদের সংস্কৃত কে পড়াতেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ''তমোনাশের মা তাহার মৃতপুত্রের শবদেহটা আর দাবি করিলেন না।'' কেন? শবদেহের কী পরিণতি হয়েছিল?

(খ) ''চারটে পয়সা চাইল নাসিম।'' নাসিম কার কাছে পয়সা চেয়েছিল? কেন? পরিণামে কী হয়েছিল, সংক্ষেপে আলোচনা করো।

(গ) ''লাল জানালার মানুষটার মুখে সবাই অন্য কথা শুনল।'' 'গাছ' গল্প অবলম্বনে 'অন্যকথা'টি কী তা আলোচনা করো।

(ঘ) ''অঞ্জনগড়ের শ্রী গেল ফিরে।'' কীভাবে অঞ্জনগড়ের রূপ বদলে গিয়েছিল তা আলোচনা করো।





(ঙ) ''কাল সকালে ঘরের ছেলেমেয়ে সব পাঠিয়ে দেব। মেহেরবানি করে গুলি চালিয়ে ওদের শেষ করে দেবেন। সেই বরং ভাল।'' কাকে উদ্দেশ্য করে, কে এই কথা বলেছিল? কেন? আলোচনা করো।

(চ) ''ঝাউবনের ফাঁকে সাদা নতুন ইমারতগুলি উঁকি দিয়ে ছবির মত স্থির হয়ে থাকে।'' নয়াবাদের এই নতুন ইমারতগুলিতে কী কী প্রতিষ্ঠান গড়ে উঠেছিল?

৪। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

**ক—গুচ্ছ**

(ক) 'সারেঙ' গল্পের সারেঙ চরিত্রটি আলোচনা করো।

(খ) 'সীমারেখার সীমা' গল্পে অমল চরিত্রটির প্রাসঙ্গিকতা বিচার করো।

(গ) ''আপনাদের ভোট দেব কেন; কাউকেই দেব না।'' বক্তা কাউকেই ভোট দিতে চায়নি কেন তা 'ভোটার সাবিত্রীবালা' গল্পের কাহিনি অবলম্বনে বুঝিয়ে দাও।

(ঘ) 'গাছ' গল্পের মূল বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।

### খ—গুচ্ছ

(ঙ) বিমলের সাধের পুরানো ফোর্ড গাড়িটার শেষ পরিণতি কী হয়েছিল? কোন্ পরিস্থিতিতে সে এহেন সিদ্ধান্ত গ্রহণ করেছিল তা আলোচনা করো।

(চ) ''....শুনেছ তো ওর ঐ ইরিগেশন স্কীমটা? সময় থাকতে ভণ্ডুল করে দিতে হবে....''—এই 'ইরিগেশন স্কীম'টি কী? কারা এটি ভণ্ডুল করে দিতে তৎপর হয়ে উঠেছিল? কেন? বিস্তারিত আলোচনা করো।

(ছ) 'গোত্রান্তর' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(জ) '' 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পে ভারতের আদিবাসীদের আবাস-ভূমিতে খ্রিস্টীয় ধর্মযাজকদের অভিযান এবং সে উৎপাতের বিরুদ্ধে দণ্ডায়মান অরণ্যবাসীদের পরাজয়ের করুণ কাহিনী বর্ণিত হয়েছে।'' গল্পটি বিশ্লেষণ করে এ-সম্বন্ধে তোমার মতামত ব্যক্ত করো।

### গ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ''পুত্র কি কেবল পিতার স্নেহের অধিকারী? পুত্রকে পিতার শাসনও কর্তে হবে।'' বক্তা কে?

(খ) দারাকে হত্যা করার দায়িত্ব কে গ্রহণ করেছিল?

(গ) যশোবন্ত সিংহের পত্নীর নাম কী?

(ঘ) কোন্ অঞ্চলে সুজার মৃত্যু হয়েছিল?

(ঙ) ঔরংজীব ও দারার পুত্ররা কোন্ স্থানে মিলিত হয়েছিল?





(চ) রহিমুদ্দির পিতার নাম কী ছিল?

(ছ) ''চলেন? প্রেসিডেন সাইব, মোর কাছারীত তসরিফ রাখিয়া, তামাকু টামাকু খায়া আরাম কইরবেন।'' এই 'প্রেসিডেন সাইব'-এর নাম কী?

(জ) হাকিমুদ্দির বিবি কয়জন?

(ঝ) পিতৃমাতৃহীন ফুলজান কার বাড়িতে বড়ো হয়েছিল?

(ঞ) কুকরার বাপের নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) সাজাহানপুত্র সুজা এবং মোরাদ কোন্ কোন্ প্রদেশে বিদ্রোহ ঘোষণা করেছিলেন?

(খ) দারার দুই পুত্রের নাম কী?

(গ) ''তা জানি মহারাজ! আপনার মত বন্ধু সংসারে বিরল। আর আপনি আমার দক্ষিণ হস্ত।'' কে, কাকে একথা বলেছিলেন?

(ঘ) ''আমি চাষার ছেলে চাষা। তোমার মত মেকি মডার্ন লেডি নই।'' উক্তিটি কার? এখানে 'মেকি মডার্ন লেডি' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঙ) ধানের গোলা থেকে গোপনে ধান সরিয়ে রাখার কাজে হাকিমুদ্দিকে কোন্ দুজন চাকর সাহায্য করেছিল?

৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "তোমরা কি কখন মানুষ দেখনি? শয়তানই দেখে এসেছো?" কে, কোন্ প্রসঙ্গে এ উক্তি করেছিল? আলোচনা করো।

(খ) সাজাহান নাটকের পিয়ারা চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) 'এ উত্তম অভিনয়'—এখানে কোন্ অভিনয়ের কথা বলা হয়েছে? আলোচনা করো।

(ঘ) রহিমের পড়াশোনা কেন বন্ধ হয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

(ঙ) রহিমুদ্দি ফুলজানকে তালাক দিয়েছিল কেন? প্রসঙ্গটি ব্যক্ত করো।

(চ) "কি? কুক্‌রা শালা এইসব কইছে নাকি? আচ্ছা আসুক জ্যাল থাকি।" কুক্‌রা কেন জেলে গিয়েছিল? সে কাকে, কী বলেছিল? কুক্‌রার বক্তব্যের পরিপ্রেক্ষিতে বক্তার প্রতিক্রিয়া ব্যক্ত করো।

৪। প্রতি গুচ্ছ থেকে **দুটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

## ক—গুচ্ছ

(ক) ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকটির সার্থকতা বিচার করো।

(খ) 'সাজাহান' নাটকের কেন্দ্রীয় চরিত্র কোনটি? এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।





(গ) 'সাজাহান' নাটকের সংগীত-সন্নিবেশ সম্বন্ধে একটি আলোচনা প্রস্তুত করো।

(ঘ) 'সাজাহান' নাটক অবলম্বনে দারা চরিত্রটি বিশ্লেষণ করো।

## খ—গুচ্ছ

(ঙ) 'ছেঁড়া তার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(চ) 'ছেঁড়া তার' নাটকের ভাষাশৈলী সম্বন্ধে আলোচনা করো।

(ছ) 'ছেঁড়া তার' নাটকের সমাজচিত্র বর্ণনা করো।

(জ) 'ছেঁড়া তার' নাটকটিকে 'ট্র্যাজেডি' বলা যায় কি? এ-বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।

★ ★ ★